সমকাল

তারিখ . 31 JUL 2015
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬

# জাবির সিনেট অধিবেশন অবরোধের ঘোষণা

■ জাবি প্রতিনিধি

আজ শুক্রবার অনুষ্ঠেয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) সিনেট অধিবেশন অবরোধের ঘোষণা দিয়েছে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। গতকাল বৃহস্পতিবার রাতে সমিতির সাধারণ সম্পাদক মাফরুহী সাত্তার স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, আন্দোলনের পরিপ্রেক্ষিতে গত বছর শিক্ষকদের অবসর গ্রহণের বয়সসীমা ৬৫ থেকে ৬৭ করা হয়। কিন্তু প্রশাসন তড়িঘড়ি করে একতরফাভাবে অবসরের বয়স পূর্বাবস্থায় ফিরিয়ে নিতে শুক্রবার সিনেট অধিবেশন আহ্বান করে। এর প্রতিবাদে সমিতির নির্বাহী পরিষদের জরুরি সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী আজ দুপুর ২টা থেকে সিনেট অধিবেশন অবরোধ-কর্মসূচি পালন করা হবে।